

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০১.০০৭.২০.১৩

তারিখ: ৫ প্রাবণ ১৪২৭

২০ জুলাই ২০২০

বিষয়: রিট পিটিশন নং-৭৮৫/২০২০ মামলায় সরকার পক্ষের জবাব দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থাগ্রহণক্রমে টিএমইডিতে তথ্য প্রেরণ।

সূত্র: মহামান্য হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ২১.০১.২০২০ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকেমহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: আজিজুর রহমান; অধ্যক্ষ, ভুরারঘাট এম.ইউ বহুমুখী ফাযিল (ডিগ্রী) মাদ্রাসা; থানা: সুন্দরগঞ্জ; জেলা: গাইবান্ধা; পিতা: মো: গাজিউর রহমান, গ্রাম: চাচিয়া মীরগঞ্জ, থানা: সুন্দরগঞ্জ, জেলা: গাইবান্ধা কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৭৮৫/২০২০ মামলাটি দায়ের করা হয়েছে।

০২. মামলাটির রুল নিশি জারির আদেশ, আর্জি এবং তৎসংলগ্নীসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, রিট আবেদনকারী অধ্যক্ষ, ভুরারঘাট এম.ইউ বহুমুখী ফাযিল (ডিগ্রী) মাদ্রাসা নভেম্বর-২০১২ থেকে ডিসেম্বর-২০১৮ পর্যন্ত তার বেতন-ভাতার সরকারী অংশের বকেয়াসহ চাকুরীর ধারাবাহিকতা রক্ষার দাবী করে এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৬০.১৮-৩৩১, তারিখ: ২২.১০.২০১৯ খ্রি:-কে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৭৮৫/২০২০ মামলাটি দায়ের করা হয়েছে। উল্লেখ্য যে, একই দাবীতে অধ্যক্ষ জনাব মো: আজিজুর রহমান কর্তৃক রিট পিটিশন নং-৬৯১৭/২০১৯ মামলাটি দায়ের করা হয়েছিল।

০৩. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়কে ১ নং রেসপনডেন্ট, মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-কে ২ নং রেসপনডেন্টসহ মোট ০৭ (সাত) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৪. মামলাটিতে সরকারী স্বার্থ সংশ্লিষ্ট বিধায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে মহামান্য আদালতে *Affidavit in opposition* দাখিলসহ জরুরীভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ আবশ্যিক।

০৫. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-৭৮৫/২০২০ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলসহ (ইতোপূর্বে দাখিল না হয়ে থাকলে) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে আগামী ০৪.০৮.২০২০ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে তথ্য প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২০-৭-২০২০

ড. মো: মহাবতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



২০-৭-২০২০

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)